



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

তারিখ : ০২/০২/২০১৭ খ্রিস্টাব্দ।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-১৬৬

অফিস আদেশ


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৯০৩ তারিখ: ২১/৯/২০১৬ মূলে সমিতি পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে কোন কোন উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সমিতি পরিদর্শন না করে হিসাব সহকারীর মাধ্যমে সফটওয়্যার হতে তথ্য দিয়ে প্রতিবেদন প্রস্তুতপূর্বক সদর দপ্তরে প্রেরণ করছেন। ইহাতে জারিকৃত নির্দেশনার উদ্দেশ্য সম্পূর্ণরূপে ব্যহত হচ্ছে। কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়নের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন করতে বলা হলো :

ক) প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে প্রতি মাসে প্রতি মাঠসংগঠকের কমপক্ষে ০২ (দুই) টি করে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি নিবিড়ভাবে পরিদর্শন করবেন এবং পরিদর্শনকালে সমিতির WCS, উপস্থিত সদস্যদের পাশ বহি ও ক্যাশ বহি/কর্জ খতিয়ান মিল করবেন। উক্ত WCS উপস্থিত সদস্যদের মোবাইল নম্বরসহ স্বাক্ষর সম্বলিত এবং একই সাথে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। নিম্নোক্ত ছকে পরিদর্শন প্রতিবেদনের সাথে প্রতিস্বাক্ষরিত WCS সমূহ সংযুক্ত করে প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে ই-মেইলে/ডাকযোগে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

ক্র. নং	সমিতির নাম	পরিদর্শনের তারিখ	পরিদর্শনের তারিখ পর্যন্ত আদায়কৃত						মন্তব্য
			WCS অনুযায়ী মোট		সদস্য পাশ বহি অনুযায়ী মোট		ক্যাশ বহি/কর্জ খতিয়ান অনুযায়ী মোট		
			ঋণ	সঞ্চয়	ঋণ	সঞ্চয়	ঋণ	সঞ্চয়	

খ) সমিতি পরিদর্শনপূর্বক WCS সহ পরিদর্শন প্রতিবেদন প্রকল্পের সদর দপ্তরে প্রেরণকারী সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/উপজেলার তালিকা প্রতি মাসের শেষ কর্ম দিবসে প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশ করা হলে সে অনুযায়ী সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বেতন ভাতা প্রদান করা যাবে; অন্যথায় বেতন-ভাতা প্রদান করা যাবে না।

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো; ইহা অবিলম্বে কার্যকর হবে।


প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

০১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
০২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা..... জেলা.....।
০৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
০৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।
০৭. অফিস কপি/গার্ড ফাইল।